চাটমোহরে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

জাহাঙ্গীর আলম, চাটমোহর (পাবনা)
: মঙ্গলবার (১০ এপ্রিল) সকাল
১১টার দিকে বাঘাবাড়ি-টেবুনিয়া
সড়কে চাটমোহর ভাদুনগর নামক
স্থানে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে
এক মাদ্রাসা ছাত্রের মৃত্যু
হয়েছে।

নিহত ছাত্রের নাম সজিব হোসেন (১৪)। সে চাটমোহর পৌরসদরের বালুচর মহল্লার হযরত আলীর ছেলে এবং এনায়েতুল্লাহ সিনিয়র মাদ্রাসার অষ্টম শ্রেণীর ছাত্র ছিলো।

জানা গেছে, সজীব তার দুই বন্ধু শামীম ও পল্লবের সাথে মোটর সাইকেল যোগে বেড়াচ্ছিল। তারা চাটমোহর-পাবনা সড়কের ভাদুনগর এলাকায় পৌছালে ভাঙ্গুড়া থেকে চাটমোহর গামী একটি ট্রাক নম্বর (ঢাকা মেট্রো ট-১১৩১৩৩) কে ওভারটেকিং করার সময় অটোরিক্সার ধাক্কায় মোটর সাইকেলের পেছন থেকে ছিটকে পরেন সজিব।

এসময় দ্রুতগামী ট্রাকটি তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার করুণ মৃত্যু হয়। ট্রাকটি পালিয়ে যাবার সময় এলাকাবাসী মথুরাপুর বাইপাস রোডে বেরিকেড দিয়ে ট্রাকটি আটক করে।

এসময় উশৃঙ্খল জনতা ট্রাক চালকে ধরে গনধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে। তার বাড়ি পাবনা সদরের গাতি আটমাইল গ্রামে।

ঘাতক ট্রাক ও চালক চাটমোহর থানা হেফাজতে রয়েছে। ট্রাকটি ভাঙ্গুড়া খাদ্য গুদাম থেকে চাল নিয়ে চাটমোহর খাদ্য গুদামে যাচ্ছিলো। মাদ্রাসা ছাত্র সজিবের মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।